

উত্তর-পূর্বাঞ্চলের নগরোন্নয়ন কর্মসূচির অগ্রগতি আগামীকাল গুয়াহাটিতে খতিয়ে দেখবেন শ্রী এম ভেঙ্কাইয়া নাইডু

নয়াদিব্লি, ১৭ এপ্রিল, ২০১৭

দেশের উত্তর-পূর্ব রাজ্যগুলিতে নগরায়নের প্রসার সম্পর্কিত কর্মসূচিগুলির অগ্রগতি আগামীকাল পর্যালোচনা করবেন কেন্দ্রীয় নগরোন্নয়ন ও আবাসন তথা শহরাঞ্চলের দারিদ্র্য দূরীকরণ মন্ত্রী শ্রী এম ভেঙ্কাইয়া নাইডু। এজন্য তিনি দিনভর বৈঠকে মিলিত হবেন গুয়াহাটিতে। এই উদ্দেশ্যে সংশ্লিষ্ট মন্ত্রকের সচিব এবং জাতীয় মিশনের অধিকর্তারা ইতিমধ্যেই পৌঁছে গেছেন গুয়াহাটিতে। রাজ্য পর্যায়ের মিশন অধিকর্তা এবং অন্যান্য পদস্থআধিকারিকদের সঙ্গে এ বিষয়ে কথা বলবেন তাঁরা। আগামীকাল শ্রী এম ভেঙ্কাইয়া নাইডুর পর্যালোচনা বৈঠকে যোগ দেবেন উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রী ও নগরোন্নয়ন মন্ত্রী সহ পৌরসংস্থাগুলির কর্তাব্যক্তির।

‘অটল মিশন’-এর আওতায় উন্নয়নের লক্ষ্যে নিয়ে আসা হয়েছে উত্তর-পূর্বাঞ্চলের ১২টি শহরকে। প্রতিটি গৃহস্থ বাড়িতে জল সরবরাহের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে এই কর্মসূচির আওতায়। মাথাপিছু প্রতিদিন ১৩৫ লিটার জলের যোগান দেওয়া ছাড়াও, নিকাশি ব্যবস্থার উন্নয়নও রয়েছে মিশনের কর্মসূচির আওতায়। জোর দেওয়া হবে, মোটরচালিত নয় এ ধরনের যানবাহনের প্রসারের ওপরও। ‘অক্ষত’-এর আওতায় উত্তর-পূর্বের যে শহরগুলিকে নিয়ে আসা হয়েছে তার মধ্যে রয়েছে অরুণাচল প্রদেশের ইটানগর, অসমের গুয়াহাটি, ডিব্রুগড়, নগাঁও ও শিলচর, মণিপুরের ইম্ফল, মেঘালয়ের শিলং, মিজোরামের আইজল, নাগাল্যান্ডের ডিমাপুর ও কোহিমা, সিকিমের গ্যাংটক এবং ত্রিপুরার আগরতলা।

‘স্মার্ট নগরী’ কর্মসূচির আওতায় নিয়ে আসা হয়েছে গুয়াহাটি, ইম্ফল, আগরতলা, কোহিমা, নামচি (সিকিম), পাসিঘাট, শিলং এবং মিজোরামকে। প্রতিটি স্মার্ট নগরীর জন্য ৫০০ কোটি টাকার সংস্থান রেখেছে কেন্দ্রীয় নগরোন্নয়ন মন্ত্রক।

অন্যদিকে, প্রধানমন্ত্রী আবাস যোজনার (শহরাঞ্চল) আওতায় শহর এলাকার দরিদ্রদের জন্য ৯৯,৯৪০টি সুলভ বাসস্থান গড়ে তোলার প্রকল্পে অনুমোদন দেওয়া হয়েছে। এজন্য বেছে নেওয়া হয়েছে আটটি শহরকে।